# চলো করে দেখাই!
# Let’s Achieve!

# উৎসর্গ

উৎসর্গ করছি–
আমার মা-বাবা, আমার স্ত্রী কে–
যাদের ভালো থাকা, আমাকে ভালো রাখে!
আমার পরিবারের প্রত্যেককে–
যাদের সাথে থাকা, আমার এগিয়ে যাওয়ার সাহস!

এবং উৎসর্গ করছি তাকে, যিনি এই মুহূর্তে বইটি পড়ছেন!



# Dedication

I dedicate this to—
My parents and my wife—whose happiness keeps me going.
To every member of my family—whose presence gives me the courage to move forward.

And I dedicate this to *you*,
the one holding this book right now!

## দুই ভাষায় : বাংলা ও ইংরেজি

প্রতিবার পাতা উল্টালে, বামপাশে বাংলা এবং ডানপাশে ঐ অংশেরই ইংরেজি উপস্থাপন।

## Bilingual Edition: Bengali & English

Each turn of the page presents Bengali on the left and its English adaptation on the right.



**চলো করে দেখাই!**

যিনি এই মুহূর্তে বইটি পড়ছেন, তিনি এবং আমি, যে কিনা এই মুহূর্তে বইটি লিখছি, আমরা দুজনই আজকে একটা বড় অর্জন করেছি। কিন্তু আমরা হয়তো সেটা খেয়ালই করি নি!

এই অর্জনটা হচ্ছে, আমরা আজকের সকালটা দেখেছি।

আপনার হয়তো মনে হতে পারে, এটা তো খুব স্বাভাবিক, সকাল তো সবাই দেখেছে। কিন্তু সত্যিই কি আজকের সকালটা সবাই দেখেছে?

পৃথিবীতে এই মুহূর্তে গড়ে ৯,১২০ থেকে ১৫,২০০ জন মানুষ প্রতিদিন ঘুমের মধ্যে মৃত্যুবরণ করেন।

হ্যাঁ, এই ৯,১২০ থেকে ১৫,২০০ জন মানুষ গতকাল রাতে আপনার,আমার মতই অনেক কিছু করার পরিকল্পনা নিয়ে ঘুমুতে গিয়েছিলেন।

কিন্তু তাদের সুযোগ হয়নি আজকের সকালটা দেখার, যে সুযোগটা আমার, আপনার হয়েছে!

আমরা হয়তো প্রতিদিন নানা দুশ্চিন্তা আর ব্যস্ততার ভিড়ে এই বাস্তবতাটা ভুলে যাই। কিন্তু সত্যি বলতে, এই নতুন দিনটাই হয়তো আমাদের হাতে থাকা সবচেয়ে বড় সম্পদগুলোর একটি, সবচেয়ে বড় সম্ভাবনা।

এবং আমাদের প্রত্যেকেরই উচিত– এই অর্জনের গুরুত্ব বোঝা এবং যার যার জায়গা থেকে এই অর্জনকে অর্থবহ করে তোলা।

কারণ সময়ের সাথে সাথে আমরা উপলব্ধি করি, জীবন মানেই সুযোগ আর সম্ভাবনার মেলা!

**Let's Achieve!**

If you're reading this book right now, and I'm here writing it—guess what?
We've both already accomplished something big today.
But… maybe we didn't even realize it.
You see, this achievement isn't about hitting a major milestone or crossing a finish line.
Nope, it's something much simpler. Much more profound.
We've made it to *this* morning.
Now, you might be thinking, *"Well, that's just normal. Everyone woke up this morning."*
But did *everyone* really wake up today?
Every single day, 9,120 to 15,200 people across the world pass away in their sleep.
Yes, last night, thousands of people—just like you and me—went to bed with plans, dreams, and things to do.
But they never got the chance to open their eyes to this new day.
*We did.*

We get so tangled in the daily grind—worries, deadlines, endless to-do lists—that we often forget this simple truth:
Each new day is one of the greatest treasures we hold in our hands.
A fresh start. A blank page. An open door filled with endless possibilities.
And it's up to us to recognize this gift and make it count.
Because as time goes by, we begin to realize something powerful:
Life is a festival of opportunities and potential.



যে মুহূর্তে আমরা সৃষ্টিকর্তার দেয়া এই সুযোগ আর সম্ভাবনাগুলোকে সঠিকভাবে কাজে লাগাতে শিখবো, হয়তোবা সেই মুহূর্ত থেকেই শুরু হবে আমাদের 'করে দেখানোর' যাত্রা।

আমরা একেকজন একেকটা জায়গায় বসবাস করি।

একেক জনের স্বপ্ন একেক রকম, পরিকল্পনা একেক রকম, বাস্তবতাও একেক রকম!

কিন্তু যে যেই অবস্থানেই থাকি না কেন, আমরা প্রত্যেকেই যার যার জায়গায় থেকে চাই, জীবনে কিছু করে দেখাতে!

ছোটবেলায় বাড়িতে মেহমান আসলে যে ছেলেটা বা মেয়েটা বাবা-মায়ের বলায় তার আঁকা গ্রামের দৃশ্যটাও মেহমানদের দেখাতে লজ্জা পেতো, সেও আজ মনের গহিন কোণে কোথাও না কোথাও কিছু না কিছু করে দেখানোর স্বপ্ন লালন করে!

আমি খুব ক্ষুদ্র মানুষ!

গত ১২ বছরে গণমাধ্যমে কাজ করা, কিছু মঞ্চে কথা বলা এবং টেলিভিশন আয়োজন, ডিজিটাল কন্টেন্ট, বিজ্ঞাপন ইত্যাদি লেখালেখির সুবাদে আমার সুযোগ হয়েছে বাস্তবে, কিংবা গবেষণায় দেশী এবং বিদেশী এমন কিছু মানুষ এবং তাদের গল্পের সাথে পরিচিত হওয়ার, যারা তাদের জীবনে কিছু করে দেখানোর স্বপ্ন নিয়ে এগিয়ে গেছে, কিংবা এগিয়ে যাচ্ছে।

এই গল্পগুলোকে মনে নিয়ে আজ বসলাম, একটু আড্ডা দিতে।

হ্যাঁ, 'চলো করে দেখাই' বইটা মূলত পাঠকদের সাথে একটা আড্ডা!

এই আড্ডাটার উদ্দেশ্য– সবাই যার যার জায়গা থেকে কিছু 'করে দেখানো' 'র উদ্যমটাকে আরো একবার অন্তরে জাগিয়ে তোলা, আর এই 'করে দেখানো' 'র চেষ্টার মধ্য দিয়ে আমাদের জীবন, আমাদের চারপাশ, আর আমাদের পৃথিবীটাকে আরো একটু সুন্দর করে তোলা!

The moment we start seeing the chances that life throws our way—and the moment we start seizing them—that's when our journey of *achieving* truly begins.

We all live in different places.
Our dreams? Different.
Our plans? Different.
Our realities? Very different.
But no matter where we are or what we do, deep down inside, each of us holds the same desire:
To achieve something meaningful.

Remember that shy kid who would hide his little drawing when guests came over?
Or the girl who felt too embarrassed to show her poem to anyone?
Even they, somewhere deep inside, dream of *achieving* something—of making their mark.

I'm just an ordinary person.
But over the past 12 years, through my work in media, public speaking, television, digital content creation, and advertising, I've had the chance to meet incredible people—both locally and globally—who dared to dream and achieved in their own ways.

These stories, these experiences—they're what brought me here today.
Not to lecture you.
But to have a conversation.

Because at its heart, *"Let's Achieve!"* is just that—a friendly chat between you and me.
A chat to rekindle that spark within us, to remind us that no matter where we are or what we do, we all have the power to achieve.
And through our efforts, we can make our lives, our surroundings, and our world just a little bit better.



আরেকটু ভেঙে বলতে গেলে,

বন্ধুবান্ধব কিংবা চেনা পরিচিত দের মধ্যে হওয়া ঠিক ঐ আড্ডাটার মতো, যে আড্ডাটার পর একটা নতুন কিছু শুরু করতে ইচ্ছা হয়, ইচ্ছা হয় জীবনটাকে আরেকটু নতুন করে আবিষ্কার করার!

আমরা সবাই টুকটাক এ ধরনের আড্ডার মুখোমুখি হই প্রায়সই। সমস্যা হয়, এই আড্ডার পর তৎক্ষণাৎ যে উদ্যমটা জাগে, সেটা যান্ত্রিক জীবনের ব্যস্ততায় কিছু সময় পর হারিয়ে যায়।

চলেন চেষ্টা করা যাক, আজকের আড্ডাটাকে এমনভাবে এগিয়ে নেয়ার, যেন আড্ডাটার নির্যাস হারিয়ে না যায়, অন্তত কিছুটা হলেও বেঁচে থাকে আমাদের 'করে দেখানো' 'র উদ্যম হয়ে।

একটা আড্ডা আসলে কতটা ইফেক্টিভ বা কার্যকরী হবে, সেটা নির্ভর করে আড্ডার পয়েন্টগুলো কিংবা আড্ডায় কী কী নিয়ে কথা হচ্ছে, তার উপর।

তাই, শুরুতেই আমাদের আড্ডার পয়েন্টগুলো ঠিক করে নেওয়া যাক -

- 'করে দেখানো' ব্যাপারটা কার কাছে কেমন?
- 'করে দেখানো' টা কি সবসময় একরকম থাকে?
- কেন 'করে দেখানো' 'র চেষ্টাটা জরুরি?
- 'করে দেখানো' 'র যাত্রায় মাইন্ডসেট এর ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ?
- আমাদের চেনা পরিচিত ভাবনাগুলোকে যদি একটু অন্যরকম করে ভাবি?
- 'করে দেখানো' 'র যাত্রায় কী কী জেনে রাখা প্রয়োজন?
- 'করে দেখানো' 'র পথে বাধা এলে?
- 'করে দেখানো' 'র কি শেষ আছে?

Think of this as one of those late-night conversations with friends.
You know the kind—the ones that leave you feeling energized, ready to start something new, to see life with fresh eyes.
We've all had moments like that. But here's the catch: Life gets busy, and that spark we felt during those conversations? It tends to fade.

So, what if this conversation didn't fade away?
What if, together, we could carry that spark forward—turning it into real, meaningful action?

To get started, let's set the tone for our chat. We'll explore questions like:

- What does *achievement* mean to different people?
- Does the meaning of *achievement* stay the same throughout life?
- Why is striving to *achieve* important?
- How does mindset play a role in our journey to *achieve*?
- What if we looked at our familiar thoughts from a new perspective?
- What should we know on the journey to *achievement*?
- What happens when we face obstacles on the path to *achievement*?
- And finally—does *achievement* ever really end?



**'করে দেখানো' ব্যাপারটা কার কাছে কেমন?**

শুরুতেই যেমনটা বলেছিলাম, 'করে দেখানো' ব্যাপারটা একেকজনের কাছে একেক রকম।

কারণ প্রত্যেকের স্বপ্ন, চাহিদা এবং বাস্তবতা আলাদা। কেউ হয়তো ক্যারিয়ারে উন্নতি চায়, কেউ সমাজের জন্য কিছু করতে চায়, আবার কেউ নিজের পরিবারকে ভালো কিছু দিতে চায়।

এই মুহূর্তে যিনি বইটা পড়ছেন, তিনি হয়তো একজন উদ্যোক্তা, শিক্ষার্থী, ডাক্তার, ইঞ্জিনিয়ার, সরকারি চাকরিজীবী, বেসরকারি চাকরিজীবী কিংবা অন্য যেকোনো পেশার মানুষ।

প্রত্যেকেই নিজ নিজ অবস্থান থেকে 'করে দেখানো' কে হয়তো ভিন্নভাবে দেখে।

- একজন উদ্যোক্তার কাছে 'করে দেখানো' মানে হয়তো তার উদ্যোগটাকে দাঁড় করানো, বহুদূর এগিয়ে নিয়ে যাওয়া।
- একজন ব্যবসায়ীর কাছে 'করে দেখানো' মানে হয়তো তার ব্যবসাটাকে স্কেল আপ করা বা আরো বড় করে তোলা।
- একজন মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীর কাছে 'করে দেখানো' মানে হয়তো জিপিএ ৫ পাওয়া।
- একজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর কাছে 'করে দেখানো' মানে হয়তো ভালো সিজিপিএ পাওয়া।
- বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের শিক্ষার্থীর কাছে 'করে দেখানো' মানে হয়তো উচ্চতর শিক্ষার সুযোগ পাওয়া, একটা ভালো চাকরি পাওয়া, কিংবা প্রথম মাসের বেতন দিয়ে বাবার জন্য একটা পাঞ্জাবি আর মায়ের জন্য একটা নতুন শাড়ি কিনতে পারা।

**What Does *Achievement* Mean to Different People?**

As I mentioned earlier, *achievement* looks different to different people.
Why? Because each person's dreams, needs, and realities are unique.
Some want to climb the career ladder.
Some dream of making a difference in their community.
And others? They just want to provide a better life for their family.
Right now, as you're reading this, you could be an entrepreneur, a student, a doctor, an engineer, a government employee, a private-sector professional—or someone from an entirely different walk of life.
And each of you views *achievement* through a different lens:

- For an entrepreneur, *achievement* might mean building a successful venture and watching it grow beyond imagination.
- For a businessperson, it could mean scaling their company to new heights.
- For a high school student, *achievement* might be earning that perfect GPA.
- For a university student, it might mean securing a top CGPA or acing that final project.
- For a graduating senior, *achievement* could be landing a scholarship for higher studies, getting that dream job—or maybe just buying a new shirt for Dad and a beautiful saree for Mom with their very first paycheck.



- একজন ডাক্তারের কাছে 'করে দেখানো' মানে হয়তো চিকিৎসাক্ষেত্রে বড় অবদান রাখা, সর্বোচ্চ সংখ্যক রোগীকে সুস্থ করতে পারা।
- একজন ইঞ্জিনিয়ারের কাছে 'করে দেখানো' মানে হয়তো নতুন কিছু উদ্ভাবন করতে পারা, যে উদ্ভাবন তাক লাগিয়ে দিতে পারে দুনিয়াকে।
- একজন সরকারি চাকরিজীবীর কাছে 'করে দেখানো' মানে হয়তো তার কাজের মধ্য দিয়ে সর্বসাধারণের জীবনে ইতিবাচক প্রভাব রাখতে পারা।
- একজন বেসরকারি চাকরিজীবীর কাছে 'করে দেখানো' মানে হয়তো তার কঠোর পরিশ্রমের স্বীকৃতি পাওয়া, ক্যারিয়ারের পথযাত্রায় বহুদূর এগিয়ে যেতে পারা।

আর আমার কাছে এই মুহূর্তে 'করে দেখানো' মানে, এই বইটার মধ্য দিয়ে পাঠকদের প্রত্যেকের জীবনে 'করে দেখানো' 'র সফল যাত্রাপথের বন্ধু হতে পারা।

কিন্তু 'করে দেখানো' কি শুধুই পেশার সাথে সম্পর্কিত?
না, 'করে দেখানো' টা আসলে জীবনের সাথে সম্পর্কিত।
এই 'করে দেখানো' টা বয়সভেদেও ভিন্নরকম হতে পারে।